

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৯৪

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ এক সা' পনির সাদাকাতুল ফিতর আদায় করা বৈধ মর্মে বর্ণনা

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يُخْرِجَ فِي زَكَاةِ الْفِطْرِ صَاعَ أَقِطٍ

## আরবী

3294 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا وَكِيعٌ عَنْ دَاوُدَ بْنِ قَيْسٍ عَنْ عِيَاضِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ: كُنَّا نُخْرِجُ فِي عَنْ دَاوُدَ بْنِ قَيْسٍ عَنْ عِيَاضِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ: كُنَّا نُخْرِجُ فِي صَدَقَةِ الْفِطْرِ - إِذْ كَانَ فِينَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - صَاعًا مِنْ طَعَامٍ أَنْ صَاعًا مِنْ طَعَامٍ أَنْ صَاعًا مِنْ تَمْرٍ أَقْ صَاعًا مِنْ أَقِطٍ وَلَمْ نَزَلْ كَذَلِكَ حَتَّى قَدِمَ عَلَيْنَا مُعَاوِيَةُ مِنَ الشَّامِ إِلَى الْمَدِينَةِ قَدْمَةً فَكَانَ فِيمَا كَلَّمَ بِهِ النَّاسَ: مَا أَرَى مُدَّين مِنْ سَمْرَاءِ الشَّامِ إِلَى الْمَدِينَةِ قَدْمَةً فَكَانَ فِيمَا كَلَّمَ بِهِ النَّاسَ: مَا أَرَى مُدَّين مِنْ سَمْرَاءِ الشَّامِ إِلَى الْمَدِينَةِ قَدْمَةً فَكَانَ فِيمَا كَلَّمَ بِهِ النَّاسَ: مَا أَرَى مُدَّين مِنْ سَمْرَاءِ الشَّامِ إِلَا تَعْدِلُ صَاعًا مِنْ هذه فأخذ الناس بذلك.

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3294 | خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) ( (1433): م.

## বাংলা

৩২৯৪. আবূ সাঈদ খুদরী রাদ্য়িাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের মাঝে ছিলেন, তখন আমরা এক সা' খাদ্য, অথবা এক সা' খেজুর, অথবা এক সা' যব অথবা এক সা' পনির সাদাকাতুল ফিতর আদায় করতাম। মুআবিয়া রাদ্য়িাল্লাহু আনহু শাম থেকে মদীনায় আসার আগ পর্যন্ত তারা আমরা এরকমই করতাম। তিনি লোকদের যা বলেছিলেন, তন্মধ্যে অন্যতম ছিল, "আমি এটাই মনে করি যে, শামের অর্ধ সা' গমকে এখানকার এক সা' খাদ্যের সমপরিমাণ। তারপর লোকজন সেটা গ্রহণ করেন।"[1]

## ফটনোট



[1] মুসনাদ আহমাদ: ৩/৯৮; ইবনু মাজাহ: ১৮২৯; সহীহ ইবনু খুয়াইমাহ: ২৪১৮; দারেমী: ১/৩৯২; সহীহ মুসলিম: ৯৮৫; আবূ দাউদ: ১৬১৬; নাসাঈ: ৫/৫৩; তাহাবী: ২/৪২; সুনান বাইহাকী: ৪/১৬৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ:১৪৩৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন